

উপজেলা পরিষদ বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২২- ০২

তারিখঃ ১৭ জানুয়ারী '২০২২খ্রিঃ।

নোটিশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাঘারপাড়া উপজেলা পরিষদের জানুয়ারী-২০২২ মাসের মাসিক সাধারণ সভা জনাব ভিক্টোরিয়া পারভীন সাথী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোরের সভাপতিত্বে আগামী ২৭ জানুয়ারী '২০২২ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার বেলা ১১.০০ টায় উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

সংশ্লিষ্ট সকলকে সভার ০২(দুই) কার্যদিবস পূর্বে কার্যপত্রের হার্ডকপি প্রদান ও সফটকপি নিকস ফন্টে cobagherpara@gmail.com প্রেরণ নিশ্চিত করণ এবং নির্ধারিত তারিখ ও সময়ে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্যসূচীঃ

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২. বিগত সভার গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনা।
৩. বিভিন্ন বিভাগীয় কমিটি সমূহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনা।
৪. ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন প্রকল্প গ্রহন সম্পর্কিত পর্যালোচনা।
৫. আর্থিক বিভিন্ন বিষয়াদি সম্পর্কিত আলোচনা।
৬. মাননীয় উপদেষ্টা, উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের সুপারিশসমূহ।
৭. সমন্বয় (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)।
৮. বিবিধ।

আ.ন.ম আবুজর গিফারী
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর

ও

মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর

ফোন নং ০৪২২৩-৬৫০২২

ই-মেইল:unobagherpara@mopa.gov.bd.

বিতরণঃ

- ১। মাননীয় সংসদ সদস্য, ৮৮ যশোর - ৪ [সদয় উপস্থিতির অনুরোধসহ]
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
- ৩। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
- ৪। মেয়র, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর।
- ৫। উপজেলা -----কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর
- ৬। চেয়ারম্যান, জহরপুর/বন্দবিলা/রায়পুর/নারিকেলবাড়িয়া/খলগ্রাম/দোহাবুলা/দরাজহাট/বাসুয়াড়ী/জামদিয়া ইউপি, বাঘারপাড়া, যশোর।
- ৭। লীপি খাতুন/ আলেয়া বেগম, সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ















- ১। জেলা প্রশাসক, যশোর।

উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.১৪.০৫.০০৩.১৮-০২(৩৫)

তারিখঃ ১৭ জানুয়ারী ২০২২খ্রিঃ।



ক্র: নং	পদবী	প্রাপ্তি স্বীকার
১	উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা	 ২১/০১/২২
২	উপজেলা কৃষি কর্মকর্তা	 ২১/০১/২০২২
৩	উপজেলা প্রকৌশলী	 ২১/০১/২০২২
৪	উপজেলা মৎস্য কর্মকর্তা	 ২১/০১/২২
৫	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা	 ২১/০১/২২
৬	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	 ২১/০১/২২
৭	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা	 ২১/০১/২২
৮	উপজেলা সমবায় কর্মকর্তা	 ২১/০১/২২
৯	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	 ২১/০১/২২
১০	উপজেলা সমাজসেবা কর্মকর্তা	 ২১/০১/২২
১১	উপজেলা প: প: কর্মকর্তা	 ২১/০১/২২
১২	উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা	 ২১/০১/২২
১৩	উপজেলা শিক্ষা কর্মকর্তা	 ২১/০১/২২
১৪	ফরেস্টার, সামাজিক বনায়ন	 ২১/০১/২০২২
১৫	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা	 ২১/০১/২২
১৬	উপ-সহকারী প্রকৌশলী, (জনস্বাস্থ্য)	 ১৭.১.২২

উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯ ~~৫৫২০.০০~~ ৫২-০২(৩৫)

তারিখঃ ১৭ জানুয়ারী ২০২২খ্রিঃ।

ক্র: নং	পদবী	প্রাপ্তি স্বীকার
১.	চেয়ারম্যান, জহরপুর ইউপি	
২.	চেয়ারম্যান, বন্দবিলা ইউপি	
৩.	চেয়ারম্যান, রায়পুর ইউপি	
৪.	চেয়ারম্যান, নারিকেলবাড়ীয়া ইউপি	
৫.	চেয়ারম্যান, খলগ্রাম ইউপি	
৬.	চেয়ারম্যান, দোহাকুলা ইউপি	
৭.	চেয়ারম্যান, দরাজহাট ইউপি	
৮.	চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউপি	
৯.	চেয়ারম্যান, জামদিয়া ইউপি	

উদ্বোধনী অনুষ্ঠান ২০২২ সালের
স্বাস্থ্য-সামাজিক অঙ্গার উদ্বোধনী

অতিথি: জনাব বিজ্ঞানবিদ্যায় পায়লিন জায়া
প্রোগ্রামার, উদ্বোধনী পরিচয়, বাতায়ন

স্থান: উদ্বোধনী পরিচয় মিলনায়তন

তারিখ: ২৭/০২/২০২২ (বুধবার - ১২ টায়)

অতিথি উদ্বোধনী অনুষ্ঠান নির্বাহী সমন্বয় (অধ্যক্ষ) -

স্বাস্থ্য অঃ রক্ত, লব্ধ (অধ্যক্ষ) উদ্বোধনী - ২৭/০২/২২

স্বাস্থ্য বিজ্ঞান বিজ্ঞান, স্বাস্থ্য লব্ধ (অধ্যক্ষ) - ২৭/০২/২২

অধ্যক্ষ, পরিচয়, বাতায়ন - ২৭/০২/২২

অধ্যক্ষ, অধ্যক্ষ, উদ্বোধনী, বাতায়ন - ২৭/০২/২২

৪। " বনাবিল্লা " " " - ২৭/০২/২২

৫। " বাসুদেব " " " - ২৭/০২/২২

৬। " নারী (লব্ধ) " " " - ২৭/০২/২২

৭। " বনাবিল্লা " " " - ২৭/০২/২২

৮। " দোহাঙ্গলা " " " - ২৭/০২/২২

৯। " দোহাঙ্গলা " " " - ২৭/০২/২২

স্বাক্ষরিত বিচারিক আদেশাদেশ দ্বারা প্রাপ্তি কাল

১/ ডাঃ মোঃ কাবিরুল ইসলাম UMP RPO		২৯/১২/২২
২/ মোঃ রুহুল আমিন	UAO	২৯/১২/২২
৩/ প্রবীন্দ্র চন্দ্র মোস্তাফিজ	ULO	২৯/১২/২০২২
৪/ সালিম হান্নান	UFO	২৯/১২/২২
৫/ ডি. বি. মোস্তাফিজ (ইমদাদ)	USSO	২৯/১২/২২
৬/ মোঃ হাদিসান ইমাম	RDO	২৯/১২/২২
৭/ মোঃ মোস্তাফিজুল ইসলাম	VCO	২৯/১২/২২
৮/ মোঃ মোস্তাফিজুল ইসলাম (ইমদাদ)	সাক্ষরিত মোস্তাফিজ	২৯/১২/২২
৯/ জামাল মোস্তাফিজ লালী	UWAO	২৯/১২/২২
১০/ মোঃ হাদিসান ইমাম	USEO	২৯/১২/২২
১১. A. S. M Khalequey	SAE	২৯/১২/২২
১২. মোঃ মোস্তাফিজুল ইসলাম	UYDO	২৯/১২/২২
১৩. মোঃ মোস্তাফিজুল ইসলাম	UEO	২৯/১২/২২
১৪. মোঃ মোস্তাফিজুল ইসলাম	SAE(DPHO)	২৯/১২/২২
১৫. মোস্তাফিজ লালী	PIO	২৯/১২/২২
১৬. মোঃ মোস্তাফিজুল ইসলাম	UDF, UGDP	২৯/১২/২২

বাঘারপাড়া উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি

: ভিক্টোরিয়া পারভীন সাথী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর।

স্থান

: উপজেলা পরিষদ মিলনায়তন, বাঘারপাড়া, যশোর
তারিখ ও সময় : ২৭ জানুয়ারী/২০২২ বৃহস্পতিবার, বেলা-১১.০০ ঘটিকা

উপস্থিত সদস্যদের তালিকা :

- ০১) জনাব মোঃ আশ্রুর রউফ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
- ০২) জনাব বিথীকা বিশ্বাস, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
- ০৩) জনাব মোঃ কামরুজ্জামান, মেয়র, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর।
- ০৪) জনাব মোঃ আসাদুজ্জামান, চেয়ারম্যান, জহরপুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৫) জনাব মোঃ সবদুল হোসেন খান, চেয়ারম্যান, বন্দবিলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৬) জনাব মোঃ মুনজুর রশীদ (স্বপন), চেয়ারম্যান, রায়পুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৭) জনাব বাবলু কুমার সাহা, চেয়ারম্যান, নারিকেলবাড়িয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৮) জনাব মোঃ রবিউল ইসলাম, চেয়ারম্যান, ধলগ্রাম ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৯) জনাব মোঃ ওয়াহিদুর রহমান আবু মোতালেব, চেয়ারম্যান, দোহাকুলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ১০) জনাব মোঃ জাকির হোসেন, চেয়ারম্যান, দরাজহাট ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ১১) জনাব মোঃ আমিনুর সরদার, চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ১২) জনাব শেখ আরিফুল ইসলাম তিস্ত, চেয়ারম্যান, জামদিয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।

অনুপস্থিত সদস্যদের তালিকা :

- ০১) আলেয়া বেগম, সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।

উপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ)- (জৈষ্ঠতার ক্রমানুসারে নহে, উপস্থিতির ক্রমানুসারে) :

- ০১) জনাব ডাঃ মোঃ শরিফুল ইসলাম, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০২) জনাব মোঃ রুহুল আমিন, উপজেলা কৃষি কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০৩) ডাঃ প্রভাষ চন্দ্র গোস্বামী, উপজেলা প্রাণি-সম্পদ কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০৪) জনাব পলাশ বালু, উপজেলা মৎস্য কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০৫) জনাব এ.টি.এম মাসুদ হোসেন, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০৬) জনাব মোঃ হাসান ইমাম, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০৭) জনাব মোহাঃ মোস্তাফিজুর রহমান, উপজেলা সমবায় কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০৮) জনাব মোঃ শাহীন কবীর, ফরেস্টার, বন বিভাগ, বাঘারপাড়া, যশোর।
- ০৯) জনাব জালাতুল ফেরদৌস লাবনী, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ১০) জনাব মোঃ আকরাম হোসেন খান, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ১১) জনাব এ. এস এম খালেদুজ্জামান, এসএই, উপজেলা প্রকৌশলীর পক্ষে, বাঘারপাড়া, যশোর।
- ১২) জনাব মোঃ সেলিমুজ্জামান, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ১৩) জনাব মোঃ মাহবুবুর রহমান, উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ১৪) জনাব আবু হানিফ, উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), বাঘারপাড়া, যশোর।
- ১৫) জনাব সামসুন নাহার, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ১৬) জনাব মোঃ ফেরদৌস রহমান, ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, বাঘারপাড়া, যশোর।

অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ):

- ০১) জনাব এস.এম.জাফরী, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।

সবাইকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার নবাগত ইউপি চেয়ারম্যানগণকে উপজেলা পরিষদের পক্ষে শুভেচ্ছা জানিয়ে পরিচিতি পর্ব শুরু করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার সভার নিয়মিত কার্যক্রম শুরু করেন। সভায় আলোচ্য বিষয় ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

ক্র: নং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১.	পূর্ববর্তী সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদনঃ সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী পাওয়া যায়নি।	সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার।
০২.	পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনাঃ পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের আলোকে যথাযথ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।	সিদ্ধান্ত বাস্তবায়নের ক্ষেত্রে তদারকি ব্যবস্থা জোরদার করার সিদ্ধান্ত হয়।	১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার
০৩.	বিভাগীয় কমিটি সমূহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনাঃ (ধারা ২৯ মোতাবেক গঠিত স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা ও অনুমোদন এবং উক্তরূপ সুপারিশের আলোকে বিভিন্ন কমিটি গঠন ও উহার টার্মস অব রেফারেন্স অনুমোদন) উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী কমিটির কোন সভার কার্যবিবরণী অত্র সভায় উপস্থাপিত হয়নি।	সামাজিক দুরত্ব বজায় রেখে স্থায়ী কমিটিসমূহের সভার নিয়মিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে আহবান জানানো হয়।	১। সভাপতি/সদস্য সচিব, স্থায়ী কমিটি(সকল), উপজেলা পরিষদ,
০৪	৪. উন্নয়নমূলক (উপজেলা পরিষদে হস্তান্তরিত বিভাগসমূহের প্রস্তাব/প্রকল্প ও প্রাক্কলন অনুমোদন কার্যক্রম পর্যালোচনা ও পরিষদ কর্তৃক বাস্তবায়নকৃত বিভিন্ন উন্নয়ন মূলক কার্যক্রম পর্যালোচনা):- স্থানীয় সরকার, পল্লীউন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের উপজেলা-২ শাখা এর গত ০৫ ডিসেম্বর ২০২১খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০২.২১-৬৪২নং স্মারক পত্রে উপজেলা পরিষদ পুরাতন অফিস ভবন ও মিলনায়তন এবং পদ্মা ও যমুনা আবাসিক ভবন মেরামতকরণ কাজের জন্য প্রদানকৃত অর্থের বিষয়ে সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে বরাদ্দেপত্রে উল্লেখিত শর্তাবলী অনুযায়ী বিধি মোতাবেক দ্রুততার সহিত বর্ণিত মেরামত কার্যক্রম বাস্তবায়ন করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়।	বরাদ্দেপত্রে উল্লেখিত শর্তাবলী অনুযায়ী বিধি মোতাবেক দ্রুততার সহিত বর্ণিত মেরামত কার্যক্রম বাস্তবায়ন করার জন্য উপজেলা প্রকৌশলীকে বলা হয়।	১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার ৩। উপজেলা প্রকৌশলী
০৫.	আর্থিকঃ (উপজেলা পরিষদের আয়-ব্যয় সংশ্লিষ্ট প্রস্তাব) (ক) জনাব শান্তি দাস, স্বামী- অনাথ সাহা, গ্রাম- খানপুর, ইউনিয়ন- নারিকেলবাড়িয়া, বাঘারপাড়া, যশোর কর্তৃক দাখিলকৃত বসতবাড়ি পুড়ে যাওয়ায় সাহায্যের আবেদনটি সভায় উপস্থাপিত হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে যেহেতু আগুনে পুড়ে উক্ত পরিবার অসহায় হয়ে পড়েছে যা চেয়ারম্যান, উপজেলা পরিষদ কর্তৃক সরেজমিনে পরিদর্শন করেছেন সেহেতু উক্ত পরিবারকে উপজেলা রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে =১৫,০০০/- (পনের হাজার) টাকা অনুদান প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। (খ) করোনা ভাইরাস(কোভিড-১৯) এর জন্য ১২-১৮ বছর বয়সী শিক্ষার্থীদের ভ্যাক্সিন প্রদান সংক্রান্ত:- বর্তমানে সারা বিশ্বের সহিত বাংলাদেশে আবার করোনা ভাইরাস(কোভিড-১৯) এর প্রভাব দেখা দেওয়ার কারণে জরুরী পরিস্থিতি সৃষ্টি হওয়ায় সরকারি নির্দেশনা মোতাবেক ১২-১৮ বছর বয়সী শিক্ষার্থীদের উপজেলায় এনে টিকা প্রদান কার্যক্রম করতে হবে, কিন্তু উক্ত টিকা আনা নেওয়া এবং প্রদান সকল কার্যক্রম এটির মধ্যে করতে হবে। সুতরাং উক্ত কার্যক্রম বাস্তবায়নের জন্য ০২(দুই) টনের এসি ক্রয়, উপজেলায় টিকা রাখার মত ব্যবস্থা না থাকায় এসি গাড়িতে টিকা জেলা থেকে আনায়ন এবং জরুরী প্রয়োজনে জেনারেটর ভাড়া, শিক্ষার্থীদের আনায়নসহ বিভিন্ন খরচ বাবদ=১৫৯৪০০/- টাকা ব্যয় হবে যা উপজেলা পরিষদ থেকে প্রদান করার লক্ষ্যে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত আবেদনটি সভায় উপস্থাপন করা হয়।	উপজেলা রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে =২০,০০০/- (বিশ হাজার) টাকা অনুদান প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার

	এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়, যেহেতু সরকারি নির্দেশনা এবং উপজেলার সকল শিক্ষার্থীদের বিষয় সেহেতু উক্ত কার্যক্রম দ্রুততার সহিত বাস্তবায়ন করতে হবে সে কারনে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের স্বাস্থ্য ও সমাজকল্যাণ খাত হতে বর্নিত অর্থ ব্যয় করার লক্ষ্যে নিম্নরূপ প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করা হলো। বর্ণিত প্রকল্প কমিটি সরকারি নির্দেশনা মোতাবেক উপজেলা পরিষদের সহিত সমন্বয় পূর্বক প্রকল্প বাস্তবায়ন এবং প্রকল্পে ব্যয়িত অর্থের ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যবলী সম্পাদন করিবেন। প্রকল্প বাস্তবায়ন কমিটি : ১। মোঃ আবু মোতালেব তরফদার, চেয়ারম্যান, দোহাকুলা ইউপি- প্রকল্প সভাপতি ২। মোঃ জাকির হোসেন, চেয়ারম্যান, দরাজহাট ইউপি, সদস্য ৩। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, বাঘারপাড়া- সদস্য ৪। উপজেলা প্রকৌশলী, বাঘারপাড়া, যশোর- সদস্য ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর- প্রকল্প সেক্রেটারী		
০৬.	অপারেশনাল (মাননীয় সংসদ সদস্য (উপদেষ্টা), উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদের আলোচনা ও সুপারিশ পর্যালোচনা এবং ন্যায়কৃত/ প্রেষণে নিয়োজিত কর্মকর্তা - কর্মচারীসহ পরিষদের সকল কর্মচারী সংক্রান্ত বিষয়াদিঃ) কোন সুপারিশ নাই	---	----
০৭.	সমন্বয়ঃ (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)		
ক. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর:	(ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, তাঁর দপ্তরের সকল কর্মকর্তা সুষ্ঠুভাবে চলমান আছে। কার্যপত্র না পাওয়ায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয় এবং সভার পূর্বে কার্যপত্র প্রেরন করার জন্য বলা হয়।	১। উপজেলা প্রকৌশলী
খ. স্বাস্থ্য বিভাগ:	মোট করোনা রোগী ২০২০ সালে ১১৭,২০২১ সালে ৪১১,২০২২ সাল অদ্যাবধি ১২ জন। বর্তমান চিকিৎসাধীন ১২, মৃত্যু মোট ১৫ জন (২০২১)। কোভিড-১৯ ভ্যাকসিনেশন কার্যক্রম চলমান। মোট জনসংখ্যা ২৬০২১২, রেজিস্ট্রেশন ১৩১৫১৪ জন, ১ম ডোজ পেয়েছে ১৫৭৩১৭ জন(৬১%) এবং ২য় ডোজ ১০০০৪৭জন (৩৯%) সম্পন্ন হয়েছে। টিকা দেওয়া হয়নি ২৪৩৮৪ জন, আইসোলেশনে ২০ টি বেড প্রস্তুত আছে, আইসোলেশন বেডে ৩১ টি অক্সিজেন সিলিন্ডার, অক্সিজেন ফ্লোমিটার ১৮ টি এবং ৮ টি অক্সিজেন কনসেন্ট্রেটর প্রস্তুত আছে। সন্দেহজনক রোগীর স্যাম্পল পাঠানো অব্যাহত আছে। ২৩ টি কমউনিটি ক্লিনিকে সর্বমোট ২৪৯৭৩ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়া ৭৫৬ জন রোগীকে জটিলতার জন্য অন্যত্র রেফার করা হয়েছে। ভিটাবল্যা উপ-স্বাস্থ্য কেন্দ্র থেকে মোট ১৯৩৬ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর বহিঃ বিভাগ থেকে ৬৫৭০ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়া জ্বরুরী বিভাগ থেকে ৯৬৮জন রোগীকে প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এবং ৩৩৬জন রোগীকে অন্তঃবিভাগে ভর্তি করে চিকিৎসা প্রদান করা হয়েছে। সাভাবিক ডেলিভারী ৪৪ জন, ১১ (এগার) জন সিজারিয়ান অপারেশন করা হয়। ২৬০ জন রোগীকে ভায়া পরীক্ষা হইয়াছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর বিদ্যমান ১৯ টি চিকিৎসকের পদের মধ্যে ০৮ টি পদ শূন্য আছে এ কারণে স্বাস্থ্য সেবা প্রদান ব্যাহত হচ্ছে, এছাড়া ৩৫ স্বাস্থ্য সহকারী পদের মধ্যে ২৫ টি পদ পূরণ আছে এবং ৭টি সহকারী স্বাস্থ্য পরিদর্শক পদের মধ্যে ১ টি পদ পূরণ আছে। স্বাস্থ্য পরিদর্শক ২ টি পদের মধ্যে ২ টি পদই শূন্য আছে। হাসপাতালে পরিচ্ছন্নতাকর্মী ৫ টি পদের মধ্যে ৩ টি শূন্য, ওয়ার্ডবয় ৩ টি পদের মধ্যে ৩ টি পদই শূন্য, আয়া ২ টি পদের মধ্যে ২ টি শূন্য। মাঠ পর্যায়ে ইপিআই কার্যক্রম ও স্বাস্থ্য সেবা অব্যাহত রয়েছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা।


কৃষি বিভাগ:	উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, রবি মৌসুমে ১৫৯০০ হে: জমিতে বোরো ধান আবাদে লক্ষ্যমাত্রার বিপরীতে ৬৫০০হে: জমিতে বোরো আবাদ হয়েছে। বাকী বোরো ধানের জমিতে আবাদ কার্যক্রম চলমান। রবি মৌসুমে ৯৫০ হে: জমিতে সবজি, মরিচ-৩৫ হে:, সরিষা-২৪৭০হে:, মসুর-৯৪৫হে:, ভুট্টা-৩৫হে:, পেয়াজ-৩০ হে:, রসুন-৩০হে:, মটর-৩৫হে: খেসারি-১৫০ হে:, ছোলা- ৫হে:, আলু-৫০ হে:, গম-২১হে:, সূর্যমুখী-১হে: মিষ্টি আলু-১হে:, আখ-৯০হে:। কৃষকদের সার্বিক পরামর্শ প্রদান করা হচ্ছে। রবি মৌসুমে/২০২১-২২ অর্থ বছরে প্রণোদনা কর্মসূচীর আওতায় সকল ফসল মাঠ পর্যায়ে বাস্তবায়নের কাজ চলমান। এছাড়া সকল প্রকল্পের রুটিন কার্যক্রম (প্রদর্শনী প্লট স্থাপন, প্রশিক্ষণ, মাঠ দিবস ও অন্যান্য কার্যক্রম) প্রকল্পের গাইড লাইন অনুসরণ করে বাস্তবায়ন হচ্ছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি এবং মাঠ পর্যায়ে নিবিড় মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা কৃষি কর্মকর্তা।
মৎস্য বিভাগ:	উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, চলমান কোভিড-১৯ পরিস্থিতির মধ্যে ও উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, বাঘারপাড়া যশোর সল্লসংক্ষক জনবল নিয়ে দাপ্তরিক কাজ সম্পন্ন করে যাচ্ছে। চলতি জানুয়ারি/২২ মাসে উপজেলা মৎস্য দপ্তরের কার্যক্রমসমূহ মধ্যে মৎস্য অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক জাটকা সংরক্ষনের লক্ষে বাঘারপাড়া উপজেলার বিভিন্ন মাছ বাজারে অভিযান পরিচালনা করা হচ্ছে। উপজেলা মৎস্য দপ্তরের অনুকূলে রাজস্ব অর্থায়নে “চিত্রা নদী মৎস্য অভয়াশ্রম-২” দোহাকুল ইউনিয়নে অবস্থিত ও দরাজহাট ইউনিয়নের “হাবুল্যা বাঁওড় মৎস্য অভয়াশ্রম” হাবুল্যা-রুস্তমপুর বাঁওড়ে অবস্থিত এই অভয়াশ্রম দুটি মেরামত করা হয়েছে। যা দেশীয় প্রজাতির বিভিন্ন মাছ সংরক্ষণে সহায়ক ভূমিকা রাখবে। উপজেলা মৎস্য দপ্তরের অনুকূলে রাজস্ব অর্থায়নে ৩ (তিন) ব্যাচ প্রতি ব্যাচে ২০ (বিশ) জন করে মোট ৬০ (ষাট) জন মৎস্য চাষিকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। উল্লেখ্য প্রশিক্ষণের বিষয় হলো ১/ কার্পের সাথে শিং মাগুর ও কৈ মাছের মিশ্র চাষ বিষয়ক প্রশিক্ষণ, স্থান: দরাজহাট ইউনিয়নের শূকদেবপুর গ্রামে ২/ মাছ ও চিংড়ির রোগ বালাই ও তার প্রতিকার বিষয়ক প্রশিক্ষণ, স্থান: সাং-কড়াইতলা, বাঘারপাড়া পৌরসভা ৩/ দেশীয় প্রজাতির মাছ চাষ ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ স্থান: উপজেলা পরিষদের সভা কক্ষ, বাঘারপাড়া। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা মৎস্য কর্মকর্তা।
প্রাণি সম্পদ বিভাগ:	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। তিনি তার দপ্তরের নিকট পরিস্কার পরিচ্ছন্নতা বজায় রাখার জন্য পৌরসভার নিকট সহযোগীতা কামনা করেন। এছাড়া কার্যপত্র প্রদান না করায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি।	পরবর্তী সভার পূর্বে কার্যপত্র প্রদান করার জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
সমাজসেবা দপ্তর:	উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, বয়স্ক ভাতা, বিধবা ভাতা ও প্রতিবন্ধী ভাতার চলতি ২০২১-২২ অর্থবছরের ২য় কিস্তির পেরোল প্রেরণ করা হয়েছে অবিলম্বে ব্যাংক এশিয়ার মাধ্যমে বিতরণ শুরু হবে। তিনি আরো জানান বয়স্ক ভাতা, বিধবা/স্বামী নিগৃহীতা মহিলা শতভাগের আওতাভুক্ত ভাতাপ্রত্যাশীদের ২য় কিস্তিসহ পেরোল প্রেরণ করা হয়েছে। অবিলম্বে ভাতা পরিশোধ বহি বিতরণ শুরু করা হবে। ২০২১-২২ অর্থ বছরে অতিরিক্ত প্রতিবন্ধী ভাতাভোগীদের ২য় কিস্তির পেরোল প্রেরণ করা হয়েছে অবিলম্বে ভাতা পরিশোধ বহি বিতরণ শুরু করা হবে। বিভাগের অন্যান্য কার্যক্রম সন্তোষজনক।	ভাতা প্রদান ও দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে মনিটরিং করার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা
পরিবার পরিকল্পনা বিভাগ:	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার দপ্তরের কার্যপত্র থেকে জানা যে, গত মাসে উপজেলার মোট সক্ষম দম্পতির সংখ্যা ৪৮৬৭২ জন। বিভিন্ন পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা খাবার বড়ি ৬৭৪৭(চক্র) কনডম ১০৪৮৮(পিস) ইনজেকটেবল ৯৯২জন আইইউডি ৭০জন, ইমপ্লান্ট ১৮৭জন, স্থায়ী পদ্ধতি পরুষ ০১জন, মহিলা ০৫ মোট ০৬ জন।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা

জ. শিক্ষা বিভাগ (প্রাথমিক):	উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, কোভিড-১৯ এর প্রাদুর্ভাব এর কারনে বর্তমান শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে। শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ হওয়ার পূর্ব দিন পর্যন্ত প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক নির্দেশনা অনুযায়ী প্রতিটি বিদ্যালয়ে শ্রেণী পাঠদান চালু ছিল। শিক্ষার্থীরা দূরত্ব বজায় রেখে স্বাস্থ্যবিধি মেনে শ্রেণিতে পাঠদান করেছে। ২০২২ শিক্ষা বর্ষে বিনামূল্যে পাঠ্যবই উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়ে প্রদান করা হয়েছে। উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয় তাদের ভর্তিকৃত সকল শিক্ষার্থীদের মাঝে ২০২২ শিক্ষা বর্ষে বিনামূল্যে পাঠ্যবই বিতরণ করেছে। সরকারী প্রাথমিক বিদ্যালয়সমূহ বন্ধ থাকাকালীন প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক নির্দেশনা অনুযায়ী গুগল মিট এর মাধ্যমে অনলাইনে শ্রেণি পাঠদান কার্যক্রম শুরু করা হয়েছে। অনলাইনের মাধ্যমে শ্রেণি পাঠদানে অংশগ্রহনকারী শিক্ষার্থীদের প্রাথমিক তথ্য উদ্ধৃতি কর্তৃপক্ষকে অবহিত করা হচ্ছে। অত্র উপজেলায় শিক্ষক-শিক্ষকগণের কোভিড-১৯ এর ৩য় ডোজ (বুস্টার) টীকা গ্রহণের কার্যক্রম চলছে। চলতি ২০২১ - ২২ অর্থ বছরে পি.ই.ডি.পি-৪ প্রকল্পের আওতায় বিদ্যালয় ক্ষুদ্র মেরামত, রুটিন মেইনটেন্যান্স, ওয়াশ ব্লক মেরামত, সিল্প কার্যক্রম খাতে প্রাপ্ত বরাদ্দ অনুযায়ী বিদ্যালয়ের উন্নয়নমূলক কাজের জন্য প্রক্রিয়া গ্রহণ করা হয়েছে এবং কার্যক্রম চলমান।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা কর্মকর্তা
ঝ. শিক্ষা বিভাগ (মাধ্যমিক):	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। গত ১১ জানুয়ারী থেকে অদ্য পর্যন্ত উপজেলার ৯০টি শিক্ষা প্রতিষ্ঠানের ১২-১৮ বছর বয়সের ২০,১৫০ জন শিক্ষার্থীকে ভ্যাকসিনের ১ম ডোজ প্রদান করা হয়েছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর
ঞ. পল্লী উন্নয়ন বিভাগ:	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার পক্ষে এআরডিও সভায় জানান যে, ২২৮টি সমিতির ৬৫৮৯জন সমবায়ীর মাঝে ২০২০-২১ অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্য মাত্রা ৪৯৮.০১ লক্ষ টাকা। তন্মধ্যে চলতি আর্থিক বছরে ২১৭ জন সদস্যের মধ্যে ১২৮.৮২ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। বর্ণিত ঋণ কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগীতা কামনা করেন। অত্র অর্থবছরে সাধারণ কর্মসূচীর দুইটি প্রতিটি ৬০জন সদস্য এবং অপ্রধান শস্য দুইটি ৮০জন সদস্য প্রশিক্ষণের বরাদ্দ পাওয়া গেছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
ট. যুব উন্নয়ন দপ্তর:	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের মাধ্যমে এ পর্যন্ত ১০১৪১ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। যার মধ্যে থেকে ৩০৬৮জন যুব ও ২০৩৮ জন যুব মহিলাকে আত্মকর্মী করা হয়েছে। এ ছাড়া প্রশিক্ষণ প্রাপ্ত যুবদের মধ্যে হতে ৯৭৯ জন যুব ও ৫৯৭ জন যুব মহিলা সহ মোট ১৫৭৬ জনকে যুব ঋণ হিসাবে ৪.৩৩.৩১.৩০০/- (চার কোটি তেত্রিশ লক্ষ একত্রিশ হাজার তিন শত) টাকা প্রদান করা হয়েছে; যার আদায় হার ৯৬%। তিনি সভায় জানান যে, দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
ঠ. সমবায় বিভাগ:	উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। গত মাস পর্যন্ত নিবন্ধন ৪৭২টি, আদায়যোগ্য অডিট ফি সাধারণ-৮২৭১০/-, পউবো- ২৪৮০০/-, আদায়কৃত অডিট ফি সাধারণ-৮২৭১০/-, পউবো-২৪৮০০/- আদায়ের হার- ১০০%, সিডিএফ ধার্য ও আদায় সাধারণ-৫৭১৫২/-, পউবো- ৭৪৩৮/-, আদায়কৃত অডিট ফি সাধারণ-৫৭১৫২/-, পউবো-৭৪৩৮/- আদায়ের হার- ১০০%। প্রাথমিক সাধারণ সমবায় সমিতি-৬০টি, অডিট সম্পাদন-০২টি, অডিট নোট দাখিল-০১টি, অডিট নোট বাকি-০১টি। পরিদর্শন অগ্রগতি বিগত মাস পর্যন্ত ২৪টি বর্তমান মাসে সম্পাদন-৬ মোট সম্পাদন-৩০টি। অবসায়নে ন্যস্ত সমিতির সংখ্যা ০০টি, অবসায়ন কার্যক্রম সম্পাদন সমিতির সংখ্যা- ০০টি, অবসায়ন কার্যক্রম সম্পাদন বাকী সমিতির সংখ্যা- ০০টি।	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা সমবায় কর্মকর্তা

ড. মহিলা বিষয়ক দপ্তর:	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, বাঘারপাড়া উপজেলায় বর্তমানে ডিজিডি উপকারভোগীর সংখ্যা ২১৫১ জন। ডিসেম্বর/২০২১ মাসের ডিও প্রদান করা হয়েছে। খাদ্য বিতরণ চলমান রয়েছে। বাঘারপাড়া উপজেলায় মাতৃকাল ভাতাভোগী বর্তমানে ১২৬৯ জন চলমান আছে। কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা ২০২১-২০২২ অর্থ বছরে বাঘারপাড়া পৌরসভায় ১৫১ টি বরাদ্দ পাওয়া গিয়েছে। যাচাই-বাছাই পূর্বক ডাটা এন্ট্রি সম্পন্ন হয়েছে। আয়বর্ধক আইজিএ প্রশিক্ষণ প্রকল্পের ফ্যাশন ডিজাইন ও বিউটিফিকেশন ট্রেন্ডের ১৩ তম ব্যাচের প্রশিক্ষণ চলমান রয়েছে। কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। বাল্য বিবাহ, নারী নির্যাতন, মানব পাচার প্রতিরোধ, যৌতুক নিরোধ ও অটিজম বিষয়ে উঠান বৈঠক ও সচেতনতা মূলক সভা চলমান রয়েছে। নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে আইনী সহায়তা কার্যক্রম চলমান রয়েছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা।
ঢ. ব্রাণ বিভাগ:	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলমান আছে। ২০২১-২২ অর্থ বছরে সাধারণ উন্নয়ন খাতে টি, আর ও কাবিটা এর বরাদ্দের বিপরীতে প্রকল্প চূড়ান্ত অনুমোদনের জন্য উপজেলা কর্তৃক কমিটি বরাবর প্রেরণ করা হয়েছে। ২০২১-২২ অর্থ বছরের সাধারণ উন্নয়ন খাতে ২য় পর্যায়ের বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দ অনুযায়ী ইউনিয়ন হতে তালিকা পাওয়া গেছে।	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
গ. জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরের নলকূপের সহায়ক চাঁদা বাবদ বিডিটি / ব্যাংক ড্রাস্ট / পে-অর্ডার জমা নেওয়ার কার্যক্রম চলমান রয়েছে পাশাপাশি নলকূপ বোরিং এর কার্যক্রম চলমান রয়েছে। পিইডিপি-৪ প্রকল্পের আওতায় বাঘারপাড়া উপজেলায় মোট ১১ টি বিভিন্ন সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লক নির্মাণের কার্যক্রম চলমান রয়েছে। বাঘারপাড়া উপজেলার বিভিন্ন ইউনিয়নের প্রত্যন্ত গ্রাম পর্যায়ে বিভিন্ন নলকূপের আর্সেনিক স্ক্রিনিং এর কার্যক্রম চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)
ত. বন বিভাগ	ফরেস্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর সভায় জানান যে, দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে।	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।	ফরেস্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর
০৮. বিবিধ :	(১) চেয়ারম্যান, জহরপুর ইউপি জানান যে, তাঁর পরিষদের কোন ভবন নাই এবং ইউনিয়ন পরিষদ সচিবও নাই। (২) চেয়ারম্যান, বন্দবিলা ইউপি জানান যে, বিভিন্ন ভাতাভোগীদের ভাতা উত্তোলনে সমস্যা হচ্ছে এবং সারের দাম মনিটরিং করা প্রয়োজন। (৩) চেয়ারম্যান, রায়পুর ইউপি সকলকে মিলেমিশে উন্নয়ন কাজ করার আহবান জানান। (৪) চেয়ারম্যান, নারিকেলবাড়িয়া ইউপি সকলের সহিত মিলেমিশে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন। (৫) চেয়ারম্যান, ধলগ্রাম ইউপি নতুন সুতরাং সকলের নিকট সুন্দর ইউনিয়ন গড়ে তোলার জন্য সহযোগীতা কামনা করেন। (৬) চেয়ারম্যান, দোহাকুলা ইউপি দ্রুততার সহিত এডিপির কার্যক্রম গ্রহণের জন্য আহবান জানান। (৭) চেয়ারম্যান, দরাজহাট ইউপি হাবুল্যা গ্রামের ভিতর একটি রাস্তা কাটা রয়েছে যার দ্রুত সমাধান কামনা করেন। (৮) চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউপি বাসুয়াড়ী জন্ম নিবন্ধনের সমস্যা সমাধান করা এবং সাইটখালী একটি ব্রিজ ভেঙ্গে রয়েছে সেটার সমাধান কামনা করেন।		

(৯) চেয়ারম্যান, জামদিয়া ইউপি জানান যে, রেল লাইন নির্মাণ জনিত কারনে জলাবদ্ধতা সৃষ্টি হয়েছে, জন্ম নিবন্ধন সমস্যা এবং রেল লাইনের বালি টানা গাড়ির কারনে যানজট সৃষ্টি হচ্ছে। (১০) উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান জানান যে, ইউজিডিপি এর প্রকল্প কখন কিভাবে নেওয়া হচ্ছে সেটা অবহিত করার জন্য। (১১) উপজেলা ভাইস চেয়ারম্যান বৈষম্য না করে সমতার ভিত্তিতে সকল বন্টন করার জন্য আহবান জানান। (১২) উপজেলা নির্বাহী অফিসার সংশ্লিষ্ট সকলকে টিকা প্রদানের জন্য জনগণকে উৎসাহিত করে লক্ষ্যমাত্রা অর্জন করণে সহযোগীতা করার আহবান জানান। তিনি সকলকে আইন ও নীতিমালার মধ্যে থেকে কর্মকান্ড পরিচালনার আহবান জানান।	নীতিমালা ও বিধিমালা অনুযায়ী কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।	(ক) সংশ্লিষ্ট সকল
---	--	--------------------------

অতঃপর অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।


 ডিষ্ট্রিক্ট অফিসার
 সভাপতি

ও
 চেয়ারম্যান

উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।

উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ০৫.৬৫৪.০০৬.১৩.১৫.০১৮.২০২০-০৩(৫০)

তারিখঃ ৩০/০১/২০২২ খ্রিঃ।

মুদ্রিত পত্র সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১. মাননীয় সংসদ সদস্য, ৮৮ যশোর-৪
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
৪. জেলা প্রশাসক, যশোর।
৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার, যশোর।
৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৭. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৮. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৯. মেয়র, বাঘারপাড়া পৌরসভা, যশোর।
১০. উপজেলা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১১. চেয়ারম্যান, ... ইউনিয়ন পরিষদ, বাঘারপাড়া, যশোর।
১২. লীপি খাতুন/ আলেয়া বেগম, সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।


 আ.ন.ম আবুজর গিফারী
 উপজেলা নির্বাহী অফিসার
 বাঘারপাড়া, যশোর।